37

আজকের কাগজ

তারিখ 12 SEP 1993
পৃষ্ঠা ৬ কলাম ৭

### ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রদের ঘোষণা

# বিশ্ববিদ্যালয় বন্ধের জন্যে প্রশাসন দায়ী

ইসলামী বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন বন্ধ রয়েছে। ছাত্রদল–ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষ ও বিশ্ববিদ্যালয়ের ৬ জন শিক্ষককে শিবির কর্তৃক লাঞ্ছিত করার ঘটনার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ে উত্তপ্ততার সৃষ্টি হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে। বন্ধ বিশ্ববিদ্যালয়েও সন্ত্রাস থেমে থাকেনি। বর্তমানে ছাত্র সংগঠনগুলো পৃথকভাবে আন্দোলনের ডাক দেয়ার আগেই বিশ্ববিদ্যালয় অফিসার্স ফেডারেশন ও শিক্ষক সমিতি নয়া নয়া কর্মসূচি হাতে নিচ্ছে। এমনকি কলম বিরতি এবং কর্ম বিরতিও পালিত হচ্ছে। এর মধ্যে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কেন্দ্রীয়ভাবে ফেডারেশনের ঘোষিত কর্মসূচি–কর্মবিরতি পালন করেছে। অফিসার্স ফেডারেশন দু'দিনব্যাপী কলম বিরতি পালন করেছে। এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র–ছাত্রীরা অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও সন্ত্রাসীদের গ্রেফতার দাবি করেছে। সম্প্রতি তারা এক প্রতিবাদ সমাবেশে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী ঘটনার জন্যে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দায়ী করেছে। বর্তমান উপাচার্য এম এ হামিদের রাজাকার তোষণ নীতির কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে এবং বন্ধ বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী ঘটনা অব্যাহত রয়েছে উপাচার্যের কারণে। এ অভিব্যক্তি ব্যক্ত করেছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র–ছাত্রীরা। কুষ্টিয়া থেকে শাহ্ আরিফ নিশির।